



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়  
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭  
www.bpsc.gov.bd

নম্বর-৮০.০০.০০০০.২০০.৭৩.১৩৬.২৫- ১২৯


তারিখ: ২৭ ফাল্গুন ১৪৩২  
২২ মার্চ ২০২৬

## প্রেস বিজ্ঞপ্তি

৫০তম বি.সি.এস. এর আবশ্যিক বিষয়ের লিখিত পরীক্ষা আগামী ০৯ এপ্রিল হতে ২৩ এপ্রিল ২০২৬ এবং পদ-সংশ্লিষ্ট বিষয়ের লিখিত পরীক্ষা ২৭ এপ্রিল হতে ০৭ মে ২০২৬ তারিখ পর্যন্ত অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষার জন্য গুরুত্বপূর্ণ নির্দেশনা নিম্নরূপ:

- পরীক্ষা হলে সকল ইলেকট্রনিক যোগাযোগ যন্ত্র, মোবাইল ফোন, সকল প্রকার ঘড়ি, ক্যালকুলেটর, বই-পুস্তক, ব্যাগ, চাবি, মানিব্যাগ, গহনা, ব্রেসলেট এবং ক্রেডিট/ডেবিট কার্ডসদৃশ কোন ডিভাইস আনা সম্পূর্ণ নিষিদ্ধ। নিষিদ্ধ সামগ্রীসহ কোন পরীক্ষার্থী পরীক্ষা হলে প্রবেশ করতে পারবেন না।
- পরীক্ষা হলের গেটে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট-পুলিশের উপস্থিতিতে প্রবেশপত্র এবং মেটাল ডিটেক্টরের সাহায্যে মোবাইল ফোন, ঘড়ি, ইলেকট্রনিক ডিভাইসসহ নিষিদ্ধ সামগ্রী তল্লাশির মধ্য দিয়ে পরীক্ষার্থীদের পরীক্ষা হলে প্রবেশ করতে হবে।
- পরীক্ষার দিন বর্ণিত নিষিদ্ধ সামগ্রী সাথে না আনার জন্য সকল পরীক্ষার্থীর মোবাইল ফোনে এস.এম.এস. প্রেরণ করা হবে। এস.এম.এস. বার্তার নির্দেশনা অনুসরণ করতে হবে।
- পরীক্ষার সময় পরীক্ষার্থীগণ কানের ওপর কোন আবরণ রাখবেন না, কান খোলা রাখতে হবে। কানে কোন ধরনের হিয়ারিং এইড ব্যবহারের প্রয়োজন হলে বিশেষজ্ঞ ডাক্তারের পরামর্শপত্রসহ পূর্বাঙ্কে কমিশনের অনুমোদন গ্রহণ করতে হবে।

২.০ পরীক্ষার হলে কোন পরীক্ষার্থীর নিকট বর্ণিত নিষিদ্ধ সামগ্রী পাওয়া গেলে তা বাজেয়াপ্তসহ বাংলাদেশ সিভিল সার্ভিস (বয়স, যোগ্যতা ও সরাসরি নিয়োগের জন্য পরীক্ষা) বিধিমালা, ২০১৪ এর বিধি ভঙ্গের কারণে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর প্রার্থিতা বাতিলসহ ভবিষ্যতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক গৃহীতব্য সকল নিয়োগ পরীক্ষার জন্য উক্ত পরীক্ষার্থীকে অযোগ্য ঘোষণা করা হবে। এছাড়া, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন আইন, ২০২৩ এর ধারা-১০, ১১, ১২, ১৩ ও ১৪ অনুযায়ী কোন অপরাধ সংঘটন করলে বা সংঘটনে সহায়তা করলে, তিনি যে ধারার অধীন অপরাধ সংঘটন করবেন বা সংঘটনে সহায়তা করবেন, সে ধারায় বর্ণিত দণ্ডে দণ্ডিত হবেন।

  
মাসুমা আফরীন

পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)

ফোন: ৫৫০০৬৬৪৪

ই-মেইল: e\_cc@bpsc.gov.bd